



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়:

### উপাচার্য পদে অধ্যাপক ড. মো: নূরুল আলমের যোগদান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৭ এপ্রিল ২০২২।

মহামান্য রাষ্ট্রপতি ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের অনুমোদনক্রমে ১৭ এপ্রিল ২০২২ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত এক প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে অধ্যাপক ড. মো: নূরুল আলম আজ অপরাহ্নে যোগদান করেছেন। এর আগে এই বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে দায়িত্ব পালনের পাশাপাশি অতিরিক্ত দায়িত্ব হিসেবে গত ০২ মার্চ ২০২২ তারিখ থেকে তিনি উপাচার্যের রুটিন দায়িত্ব পালন করছিলেন। আজ বিকেলে বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মো: নূরুল আলমের যোগদান অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি, বিভিন্ন বিভাগ, অফিস, কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন, বঙ্গবন্ধু শিক্ষক পরিষদ, বিভিন্ন পেশাজীবী সংগঠন ও জাবি শাখা ছাত্রলীগ নবনিযুক্ত উপাচার্যকে অভিনন্দন ও শুভেচ্ছা জানান। এসময় অধ্যাপক ড. মো: নূরুল আলম তাঁকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিয়োগ দানের জন্য মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী, শিক্ষা উপমন্ত্রী, শিক্ষা সচিব এবং সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বিশ্ববিদ্যালয় পরিচালনায় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

#### অধ্যাপক ড. মো: নূরুল আলমের জীবনী

উপাচার্য অধ্যাপক ড. মো: নূরুল আলম ১৯৫৭ সালের ১ জানুয়ারি ঢাকা জেলার ধামরাই থানার অন্তর্গত জলসা গ্রামে জন্ম গ্রহণ করেন। তিনি স্বনামধন্য প্রধান শিক্ষক মো: দরবেশ আলী ও রিজিয়া বেগমের পুত্র। তিনি কুশুরা আব্বাস আলী উচ্চ বিদ্যালয়, মানিকগঞ্জের দেবেন্দ্র কলেজ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে লেখাপড়া করেন। নিবেদিত প্রাণ এই অধ্যাপক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চতুর্থ ব্যাচের শিক্ষার্থী ছিলেন। ড. মো: নূরুল আলম ১৯৮২ সালের এপ্রিল মাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগে প্রভাষক পদে যোগদান করেন। তিনি ১৯৮৬ সালে সহকারী অধ্যাপক, ১৯৯২ সালে সহযোগী অধ্যাপক এবং ১৯৯৭ সালে অধ্যাপক পদে পদোন্নতি লাভ করেন। তিনি পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক, জাবি স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হল প্রভোস্ট, গাণিতিক ও পদার্থবিষয়ক অনুষদের ডিন, অর্থকমিটি, সিনেট এবং সিন্ডিকেট সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন।

অধ্যাপক ড. মো. নূরুল আলম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি, তিন মেয়াদে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি এবং বঙ্গবন্ধু শিক্ষক পরিষদের একজন প্রধান পৃষ্ঠপোষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি বিভিন্ন সভা, সেমিনার এবং গবেষণা কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য যুক্তরাজ্য, ইতালি, ভারতসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। একজন সমাজ-সচেতন, সজ্জন, জনপ্রিয় এবং দলমত নির্বিশেষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলের কাছে গ্রহণযোগ্য ব্যক্তিত্ব হিসেবে তিনি সমাদৃত। ব্যক্তিগতভাবে তিনি এক পুত্র এবং এক কন্যা সন্তানের জনক। তাঁর পুত্র ড. মাহবুবুল আলম (শুভ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন শিক্ষক এবং কন্যা ফারহানা শারমিন পদার্থবিজ্ঞান বিভাগের ছাত্রী। পদার্থবিজ্ঞান বিভাগের শিক্ষক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পদার্থবিজ্ঞানী অধ্যাপক ড. এএ মামুন তাঁর সহোদর ছোট ভাই।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)